ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৪৮২</u>

আগরতলা,২৮ জুন,২০২৫

**২৪ জুন থেকে ই-জমি (ল্যান্ড রেকর্ডস) এবং**
**এন.জি.ডি.আর.এস. (রেজিস্ট্রেশন) পোর্টাল পুনরায় চালু হয়েছে**

ভূমিলেখ্য এবং জরিপ অধিদপ্তরের ই-জমি পোর্টাল (ল্যান্ড রেকর্ডস) এবং এন.জি.ডি.আর.এস. (রেজিস্ট্রেশন) পোর্টালগুলি প্রযুক্তিগত সমস্যার কারণে সাময়িক বন্ধ থাকার পর গত ২৪ জুন, ২০২৫ থেকে পুনরায় চালু হয়েছে। ফলে এই পোর্টালগুলির মাধ্যমে দলিল নিবন্ধীকরণ, মিউটেশন ইত্যাদি কাজগুলি সমস্ত সি.এল.আর. (ডি.সি.এম. অফিস) এবং সাব-রেজিস্ট্রি অফিসে স্বাভাবিকভাবে করা হচ্ছে। উল্লেখ্য, ই-জমি পোর্টাল (ল্যান্ড রেকর্ডস) এবং এন.জি.ডি.আর.এস. (রেজিস্ট্রেশন) পোর্টালগুলি কার্যকর করার জন্য তথ্য প্রযুক্তি দপ্তর, এন.আই.সি. রাজ্য ইউনিট, এন.আই.সি. পুনে এবং ভূমিলেখ্য এবং জরিপ অধিদপ্তর তৎপরতার সঙ্গে কাজ করেছে। জনগণের জ্ঞাতার্থে ভূমিলেখ্য এবং জরিপ অধিদপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****